

# EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Weekly Current Affairs – 30<sup>th</sup> Sept– 06<sup>th</sup> Oct' 2025

## জাতীয় ঘটনাবলি

1. ভারতের প্রথম Maritime Simulation Centre উদ্বোধন করলেন কেন্দ্রীয় জাহাজ পরিবহন মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল। চেন্নাইয়ের কাছে AMET বিশ্ববিদ্যালয়ের মার্ক সেন্টার অফ এক্সিলেন্সে এটি স্থাপিত হয়েছে। জাহাজের ক্যাপ্টেন এবং মেরিন ইঞ্জিনিয়ারদের অত্যাধুনিক প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে এই সেন্টার নির্মিত।
2. ভারতের প্রথম বাল্যবিবাহ মুক্ত জেলা হিসাবে ঘোষিত হলো ছত্তিশগড়ের বালোদ জেলা।
3. IUCN-এর থেকে গ্লোবাল স্বীকৃতি পেল ভারতের প্রথম Dugong Conservation Reserve. এটি তামিলনারুর পক বে-তে অবস্থিত। 1972 সালের বন্যপ্রাণী সুরক্ষা আইনের অধীনে তামিলনাড়ু সরকার কর্তৃক 2022 সালের এই দুগং সংরক্ষণ সংরক্ষণাগার প্রতিষ্ঠিত। দুগং- সমুদ্রের গরু নামে পরিচিত। এই প্রজাতিটি IUCN লাল তালিকায় "ভালনারেবল" হিসাবে তালিকাভুক্ত।
4. সম্প্রতি Mahi Banswara Rajasthan Atomic Power Project -এর ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
5. 1লা অক্টোবর থেকে ভারত ভ্রমণকারীদের জন্য e-Arrival Card লঞ্চ করবে। ভারতে প্রবেশকারী সকল বিদেশী নাগরিককে আগমনের 72 ঘন্টার মধ্যে ই-আগমন কার্ডের জন্য আবেদন করতে হবে। নিয়মিত ভিসা এবং ই-ভিসাদারী-সহ সকল বিদেশী নাগরিকের ক্ষেত্রে প্রযোজ্য।
6. অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদা (AIIA) গোয়াতে ভারতের প্রথম Integrative Oncology Research And Care Centre এর উদ্বোধন করল কেন্দ্রীয় আয়ুষ্ মন্ত্রক।
7. সম্প্রতি UNESCO World Network of Biosphere Reserves-এ অন্তর্ভুক্ত হল হিমাচল প্রদেশের Cold Desert Biosphere Reserve.
8. ভারতে জন্ম হওয়া প্রথম প্রাপ্ত বয়স্ক চিতা হল মুখী। এর বাসস্থান মধ্যপ্রদেশের কুনো ন্যাশনাল পার্কে। (17 সেপ্টেম্বর, 2022 তারিখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নামিবিয়া থেকে 8 টি চিতা কুনো জাতীয় উদ্যানে ছেড়ে প্রজেক্ট চিতা চালু করেছিলেন)।
9. ভারতের প্রথম দেশীয় 4G Stack উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। C-DOT, তেজস নেটওয়ার্কের এবং TCS-এর যৌথ সহায়তায় প্রায় 98,000 স্বদেশী 4G টাওয়ার বসানো হয়েছে। (\*\*4G হল চতুর্থ প্রজন্মের ওয়্যারলেসের সংক্ষিপ্ত নাম)।
10. চেন্নাইতে World Seafood Congress (WSC) 2026 করবে ভারত।
11. সম্প্রতি রামসার সাইট মর্যাদা পেল বিহারের গোকুল জলাশয় (বক্সার) এবং উদয়পুর বিল (পশ্চিম চম্পারণ)। এই দুটি অক্সবো হ্রদ তাদের জীববৈচিত্র্য, স্থানীয় সম্প্রদায়ের জন্য গুরুত্ব এবং জলবায়ু স্থিতিস্থাপকতার ভূমিকার জন্য স্বীকৃত। (\*\*ভারতের মোট রামসার সাইটের সংখ্যা বর্তমানে 93-এ পৌঁছেছে)।
12. 2027 সালের অক্টোবর থেকে সমস্ত বৈদ্যুতিক যানবাহনে শব্দ সতর্কতা বাধ্যতামূলক করবে কেন্দ্রীয় সরকার।
13. 3rd Unmesha International Literature Festival অনুষ্ঠিত হল বিহারের পাটনায়।
14. Indigenous Technology Development-এর জন্য IIT Ropar-এর সাথে MoU স্বাক্ষর করল ভারতীয় বিমান বাহিনী।
15. সম্প্রতি আন্দামান দ্বীপপুঞ্জে প্রাকৃতিক গ্যাস ভাণ্ডার আবিষ্কার করল Oil India Ltd. শ্রী বিজয়পুরম-2 কূপের প্রাথমিক পরীক্ষায় 87% মিথেনের গ্যাসের সংমিশ্রণ পাওয়া গেছে।
16. সীমান্ত নিরাপত্তার জন্য AI, ML (Machine Learning) & GIS (Geographic Information System) Powered Command Centre চালু করল BSF. এই সিস্টেমের নাম- ডিসিশন সাপোর্ট সিস্টেম (DSS)। বিএসএফের সদর দপ্তর দিল্লিতে এটি উদ্বোধন করলেন বিএসএফ মহাপরিচালক দলজিৎ সিং চৌধুরী।
17. 29th Conference of Central and State Statistical Organizations (CoCSSO) অনুষ্ঠিত হল চণ্ডীগড়ে।
18. 8th India International Tea Convention এবং 132nd UPASI Annual Conference অনুষ্ঠিত হল কেরালার কোচিতে।

## আন্তর্জাতিক ঘটনাবলি

1. Autonomous Transport -এর জন্য Sovereign Mobility Cloud উন্মোচন করল সংযুক্ত আরব আমিরাত।
2. 2026 সালের মধ্যে 15 কিলোমিটার চালকবিহীন পরিবহন করিডোর চালু করবে দুবাই।
3. ভুটানের সাথে প্রথমবার আন্তঃসীমান্ত রেল যোগাযোগ ব্যবস্থা স্থাপনের জন্য MoU স্বাক্ষর করল ভারত। চুক্তি অনুসারে দুটি রেললাইন নির্মিত হবে। কোকরাঝাড়-গেলেফু (আসাম) এবং বানারহাট-সামংসে (পশ্চিমবঙ্গ), মোট ব্যয় ₹4,033 কোটিরও বেশি। প্রকল্পগুলির লক্ষ্য বাণিজ্য, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং আঞ্চলিক একীকরণ বৃদ্ধি করা, ভুটানকে প্রথম রেল যোগাযোগ প্রদান করা এবং ভুটানের অর্থনীতিকে ভারতীয় নেটওয়ার্কের সাথে একীভূত করা।
4. Shanghai Cooperation Organisation (SCO) Summit 2027 আয়োজন করবে পাকিস্তান।
5. অপরাধমূলক কর্মকান্ডের জন্য 5 বছরের কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন প্রাক্তন ফরাসি রাষ্ট্রপতি Nicolas Sarkozy.
6. International Atomic Energy Agency (IAEA)-এর 69তম সাধারণ সম্মেলন অনুষ্ঠিত হল অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায়।

## নিয়োগ

1. ভারতের অ্যাটর্নি জেনারেল হিসেবে দ্বিতীয়বার পুনরায় নিযুক্ত হলেন সিনিয়র অ্যাডভোকেট আর. ভেঙ্কটরামানি। তিনি ভারতের 16তম অ্যাটর্নি জেনারেল।
2. RBI Deputy Governor হিসেবে নিযুক্ত হলেন শিরীষ চন্দ্র মুর্মু। 9 অক্টোবর থেকে তিনি পরবর্তী তিন বছরের জন্য এই পদে নিযুক্ত হয়েছেন। পূর্বে তিনি ভারতীয় রিজার্ভ ব্যাংকে নির্বাহী পরিচালক হিসেবে কর্মরত ছিলেন। (\*\*রিজার্ভ ব্যাংকের ডেপুটি গভর্নর পদে নিয়োগ প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভার নিয়োগ কমিটি (ACC) দ্বারা অনুমোদিত হয়। 1934 সালের RBI আইন অনুসারে, ভারতীয় রিজার্ভ ব্যাংকের 4 জন ডেপুটি গভর্নর থাকা বাধ্যতামূলক। RBI থেকে 2 জন, বাণিজ্যিক ব্যাংকিং খাত থেকে 1 জন এবং মুদ্রানীতি বিভাগের প্রধান হিসেবে 1 জন অর্থনীতিবিদ। বর্তমান ডেপুটি গভর্নরদের মধ্যে রয়েছেন- শিরীষ চন্দ্র মুর্মু টি. রবি শঙ্কর, স্বামীনাথন জে এবং পুনম গুপ্ত।)
3. Indo-Tibetan Border Police (ITBP)-এর ডিরেক্টর জেনারেল হিসেবে নিযুক্ত হলেন IPS অফিসার প্রবীণ কুমার।
4. Central Industrial Security Force (CISF)-এর ডিরেক্টর জেনারেল হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন IPS অফিসার প্রবীর রঞ্জন।
5. Tata Motors -এর MD এবং CEO হিসেবে নিযুক্ত হলেন শৈলেশ চন্দ্র। তিনি 1 অক্টোবর, 2025 থেকে পরবর্তী তিন বছরের জন্য এই পদে নিযুক্ত হয়েছেন। তিনি পূর্বে টাটা প্যাসেঞ্জার ইলেকট্রিক মোবিলিটির প্রধান পদে ছিলেন।
6. BCCI-এর 37তম প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হলেন দিল্লীর প্রাক্তন অধিনায়ক মিঠুন মানহাস।
7. দিল্লীর নতুন মুখ্য সচিব হিসেবে নিযুক্ত হলেন সিনিয়র IAS অফিসার রাজীব ভার্মা।

## পুরস্কার

1. অ্যালামনাই অ্যাসোসিয়েশন অফ দ্য ইউনিভার্সিটি অফ এগ্রিকালচারাল সায়েন্সেস (UAS), ব্যাঙ্গালোর কর্তৃক Hombale Samhita Harinikumar Alumni Krishi Media Award 2025-এর জন্য নির্বাচিত হয়েছেন মহীশূরের প্রবীণ সাংবাদিক আমশী প্রসন্নকুমার। কৃষি সাংবাদিকতা এবং কৃষক সচেতনতায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য তিনি এই পুরস্কার পাচ্ছেন।
2. Businessline's Changemaker of the Year Award 2025-এ ভূষিত হয়েছে Defence Research and Development Organisation (DRDO). "অপারেশন সিন্দুর"-এর সময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী DRDO-এর দেশীয় প্রতিরক্ষা উদ্ভাবনের (আকাশ ক্ষেপণাস্ত্র, ব্রহ্মোস ক্রুজ ক্ষেপণাস্ত্র এবং ডি-4 অ্যান্টি-ড্রোন সিস্টেম) স্বীকৃতিস্বরূপ এই পুরস্কার পেলে DRDO.
3. 2024 Lata Mangeshkar Award-এ ভূষিত হলেন বিশিষ্ট গায়ক সোনু নিগম।
4. Global Tourism Award 2025 জিতল অন্ধ্রপ্রদেশ।
5. Andhra Pradesh Tourism Excellence Awards 2025-এ 'Best 5-Star Deluxe Hotel' পুরস্কারে ভূষিত হল Novotel Vijayawada Varun.

## দিন/থিম

1. আন্তর্জাতিক অনুবাদ দিবস পালন করা হয় 30 সেপ্টেম্বর; 2025 থিম হল- "Translation, shaping a future you can trust".
2. আন্তর্জাতিক প্রবীণ দিবস পালন করা হয় 1 অক্টোবর; 2025 থিম হল- "Older Persons Driving Local and Global Action: Our Aspirations, Our Well-Being, Our Rights".
3. গান্ধী জয়ন্তী পালন করা হয় 2 অক্টোবর। সত্য, অহিংসা এবং সামাজিক ন্যায়বিচারের প্রতি গান্ধীজির আজীবন অঙ্গীকারকে সম্মান জানাতে এই দিবস পালিত হয়। জাতিসংঘ এই দিনটিকে আন্তর্জাতিক অহিংসা দিবস হিসেবে পালন করে।(1869 সালের 2 অক্টোবর গুজরাটের পোরবন্দরে তিনি জন্মগ্রহণ করেন এবং 30 জানুয়ারি 1948 সালে নয়াদিল্লিতে তিনি প্রয়াত হন।)
4. ভারতের দ্বিতীয় প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর জন্ম দিবস পালিত হয় 2 অক্টোবর। (1904 সালে মোগলসরাইয়ে তিনি জন্মগ্রহণ করেন, 1966 জানুয়ারি উজবেকিস্তানের তাসখণ্ডে তিনি প্রয়াত হন)।
5. বিশ্ব প্রকৃতি দিবস পালন করা হয় 3 অক্টোবর।
6. বিশ্ব বন্যপ্রাণী দিবস পালন করা হয় 4 অক্টোবর; 2025 থিম হল- "Save Animals, Save the Planet!"
7. বিশ্ব শিক্ষক দিবস পালন করা হয় 5 অক্টোবর; 2025 থিম হল - "Recasting teaching as a collaborative profession".

## খেলাধুলা

1. 17তম সংস্করণ Asia Cup 2025 জিতল ভারত। ফাইনালে ভারতীয় দল পাকিস্তানকে 5 উইকেটে পরাজিত করে। 9-28 সেপ্টেম্বর সংযুক্ত আরব আমিরাতের এশিয়ান ক্রিকেট কাউন্সিল কর্তৃক এই টুর্নামেন্ট আয়োজিত হয়েছিল। এই নিয়ে নবমবার ভারত এই টুর্নামেন্ট জয়ী হল।
2. বাংলাদেশকে 4-1 গোলে পরাজিত করে 7th SAFF Under17 Football Title জিতল ভারত।
3. 23তম সংস্করণ FIFA World Cup 2026-এর ম্যাসকট হিসেবে ঘোষিত হল- Maple, Zayu, Clutch. আয়োজক দেশ হল মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা এবং মেক্সিকো। 11 জুন থেকে 19 জুলাই, 2026 পর্যন্ত এই টুর্নামেন্ট আয়োজিত হবে। (ম্যাপেল হল একটি মুস, জায়ু হল একটি জাগুয়ার এবং ক্লাচ হল একটি টাক ঈগল, এগুলি যথাক্রমে কানাডা, মেক্সিকো এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধিত্ব করে)। ম্যাচ বলটির নাম হবে অ্যাডিডাস ট্রিওন্ডা।
4. অবশিষ্ট ভারত দলকে 93 রানে পরাজিত করে ইরানি কাপ জিতল বিদর্ভ। এই নিয়ে তৃতীয়বার চ্যাম্পিয়ন হল বিদর্ভ।
5. শিলিগুড়ি ক্রিকেটের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত হলেন ভারতের প্রাক্তন ক্রিকেটার ঋদ্ধিমান সাহা।
6. সম্প্রতি অবসর ঘোষণা করলেন স্পেনের ফুটবল খেলোয়াড় Sergio Busquets.
7. World Archery Para 2025-এ তাঁর প্রথম স্বর্ণপদক জিতলেন শীতল দেবী।
8. সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন ইংল্যান্ডের Chris Woakes.
9. ISSF Junior World Cup 2025-এ পদক তালিকায় শীর্ষে রয়েছে ভারত। 11তম সংস্করণ ISSF Junior World Cup 2025, 24 সেপ্টেম্বর থেকে 2 অক্টোবর পর্যন্ত আয়োজিত হয় নিউ দিল্লিতে। 8 টি স্বর্ণ, 10 টি রৌপ্য ও 8 টি ব্রোঞ্জ পদক-সহ ভারত মোট 26 টি পদক পেয়েছে।
10. ওয়ানডে ক্রিকেট খেলায় ভারতের নতুন অধিনায়ক হলেন শুভমান গিল।
11. দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য প্রথমবার Women's T20 World Cup-Cricket যৌথভাবে হোস্ট করবে শ্রীলঙ্কা ও ভারত। (\*\*\*)11 থেকে 23 নভেম্বর পর্যন্ত এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। নয়াদিল্লিতে উদ্বোধনী এবং বেঙ্গালুরুতে চারটি খেলা অনুষ্ঠিত হবে। কলম্বোতে শেষ পর্ব অনুষ্ঠিত হবে। সেমিফাইনাল, ফাইনাল এবং সমাপনী অনুষ্ঠান সহ 15 টি ম্যাচ অনুষ্ঠিত হবে শ্রীলঙ্কায়।)

## প্রকল্প/পরিষেবা

1. অটল ইনোভেশন মিশনের (AIM) ফ্রন্টিয়ার রিজিয়ন প্রোগ্রামের অংশ হিসেবে জম্মু ও কাশ্মীরে 500 টি নতুন Atal Tinkering Labs স্থাপন করবে সরকার। এর উদ্দেশ্য প্রত্যন্ত ও উপজাতি অঞ্চলে তরুণ শিক্ষার্থীদের মধ্যে উদ্ভাবনকে উৎসাহিত করা। রোবোটিক্স, 3D প্রিন্টিং এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মতো অত্যাধুনিক প্রযুক্তি বিষয়ে শিক্ষা পাবে শিক্ষার্থীরা।

## বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. 2026 সালের মার্চ মাসের মধ্যে ভারতে তাদের প্রথম ভারতীয় রুপি বন্ড চালু করার পরিকল্পনা করছে New Development Bank. এর লক্ষ্য 3-5 বছর মেয়াদী বন্ডের মাধ্যমে 400-500 মিলিয়ন ডলার সংগ্রহ করা এবং রুপি (INR) আন্তর্জাতিকীকরণ ও ভারতীয় বন্ড বাজারের তরলতা বৃদ্ধি করা।
2. 2025 সালের আগস্ট মাসে মার্কিন যুক্তরাষ্ট্রে ভারতের স্মার্টফোন রপ্তানি বৃদ্ধি পেয়েছে 148%.
3. 2026 সালের এপ্রিল মাস থেকে ডিজিটাল পেমেন্টের জন্য 2-Factor Authentication বাধ্যতামূলক করবে ভারতীয় রিজার্ভ ব্যাংক।
4. সম্প্রতি IIFL Finance-এর সাথে একটি Co-Lending Agreement স্বাক্ষর করল Bank of Baroda.
5. 2025 সালের আগস্ট মাসে ভারতের শিল্প উৎপাদন 4.0% বৃদ্ধি পেয়েছে।

## অ্যাপ/পোর্টাল

1. হাতিদের উপর নজরদারি এবং মানুষ-হাতির সংঘর্ষ রোধ করতে Gaj Rakshak App লঞ্চ করল মধ্যপ্রদেশ সরকার।

## বিবিধ

'Apterichtus kanniyakumari' নামে Finless Snake Eel-এর একটি নতুন প্রজাতির সন্ধান পাওয়া গেছে তামিলনাড়ুর কোলাচেল উপকূলে।